

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৬

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ আল্লাহর সিফাত বা বিশেষণ সম্পর্কে যা কিছু বর্ণিত হয়েছে - আল্লাহর সিফাত তাঁর মর্যাদার সাথে যেমন সামঞ্জস্যশীল, তেমনই; তাঁর সিফাত মাখলূকাতের সিফাতের সাথে সাদৃশ্যপূর্ণ নয়

بَابُ مَا جَاءَ فِي الصِّفَاتِ _ ذكر البيان بأن صفاة الله يليق بجلاله جل وعلا ولا يشبه صفاة المخلوقين

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ حَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسَى قَالَ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْعَلَاءِ بْنِ الْمُسَيَّبِ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ أَبِي عُبَيْدَةَ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي مُوسَى قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِنَّ اللَّهَ لَا يَنَامُ وَلَا يَنْبَغِي لَهُ أَنْ يَنَامَ يَخْفِضُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِنَّ اللَّهُ لَا يَنَامُ وَلَا يَنْبَغِي لَهُ أَنْ يَنَامَ يَخْفِضُ الْقِسْطَ وَيَرْفَعُهُ يُرْفَعُ إِلَيْهِ عَمَلُ النَّهَارِ قَبْلَ اللَّيْلِ وَعَمَلُ اللَّيْلِ قَبْلَ اللَّيْلِ قَبْلَ اللَّيْلِ وَعَمَلُ النَّهُارِ حِجَابُهُ النُّورُ لَوْ كُشِفَ طَبَقُهَا أَحْرَقَ سُبُحَاتُ وَجْهِهِ كُلَّ شَيْءٍ أَدْرَكَهُ بَصَرُهُ وَاضِعٌ يَدَهُ لِمُسِيءِ اللَّيْلِ لَيْلُ لِ كُلُّ شَيْءٍ أَدْرَكَهُ بَصَرُهُ وَاضِعٌ يَدَهُ لِمُسِيءِ اللَّيْلِ لِيَتُوبَ بِاللَّيْلِ حَتَّى تطلع الشمس من مغربها". لِيَتُوبَ بِاللَّيْلِ حَتَّى تطلع الشمس من مغربها". الراوي: أَبُو مُوسَى ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: قَبُو مُوسَى ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

২৬৬. আবু মুসা আল আশ'আরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই আল্লাহ ঘুমান না, আর ঘুমানো তার জন্য সঙ্গতও নয়। তিনি দাঁড়িপাল্লা অবনমিত করেন এবং সমুন্নত করেন। রাতের আগেই তাঁর কাছে দিনের আমল পেশ করা হয় এবং দিনের আগেই রাতের আমল তাঁর কাছে পেশ করা হয়। তাঁর হিজাব হলো নূর। যদি তিনি তাঁর নূরের একটি স্তর উন্মুক্ত করে দেন, তাহলে তাঁর চেহারার উজ্জ্বলতা তার শেষ সীমা পর্যন্ত সব কিছুকে পুড়িয়ে ভন্ম করে দিবে। তিনি তাঁর হাতকে রাতে পাপকারী ব্যক্তির জন্য রেখেছেন, যাতে সে দিনে তাওবা করে এবং দিনে পাপকারীর জন্য রেখেছেন, যাতে সে রাতে তাওবা করতে পারে। (এই অবস্থা চলতেই থাকবে) যতক্ষণ না সূর্য পশ্চিম দিক থেকে উদিত হয়।"[1]



ফুটনোট

[1] ইবনু খুযাইমা, আত তাওহীদ: ১৯ পৃষ্ঠা; আত তায়ালিসী: ৪৯১; মুসনাদ আহমাদ: ৪/৩৯৫; সহীহ মুসলিম: ১৭৯; ইবনু মাজাহ: ১৯৫; ইবনু মান্দাহ, আল ঈমান: ৭৭৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৯১।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০৮১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন